ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*********

স- ১৮৬০

আগরতলা, ২২ জুলাই, ২০২৫

**২৬ জুলাই থেকে বোরো ধান কেনা শুরু হবে**

আগামী ২৬ জুলাই ২০২৫ থেকে রাজ্যে বোরো ধান ক্রয় কর্মসূচি শুরু হবে। গতকাল সচিবালয়ের ভিডিও কনফারেন্স হলে আয়োজিত এক সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এই ভিডিও কনফারেন্সে উপস্থিত ছিলেন কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতন লাল নাথ, খাদ্য, জনসংভরণ ও ভোক্তা বিষয়ক দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী সহ কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের সচিব, খাদ্য দপ্তরের বিশেষ সচিব, কৃষি ও খাদ্য দপ্তরের অধিকর্তাগণ। এছাড়াও ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন জেলার পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানগণ, মহকুমা শাসকগণ, বিভিন্ন ব্লকের বিডিওগণ এবং বিভিন্ন জেলার কৃষি উপ-অধিকর্তা ও কৃষি তত্ত্বাবধায়কগণ অংশগ্রহণ করেন। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, রাজ্যভিত্তিক ধান ক্রয় কর্মসূচির উদ্বোধন হবে দক্ষিণ ত্রিপুরা জেলার সাব্রুমের ব্রজেন্দ্রনগর ধান ক্রয় কেন্দ্রে। এবছর রাজ্যে মোট ১৪,৬৯৩ মেঃ টন বোরো ধান ক্রয় করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের পক্ষ থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

*****